

কার্যালয়  
মোহনপুর ইউনিয়ন পরিষদ  
উপজেলা : সুনামগঞ্জ, জেলা : সুনামগঞ্জ।

৮নং মোহনপুর ইউনিয়ন পরিষদের ডিসেম্বর /২০১৯ খ্রি: মাসের সভার কার্যবিবরণী :  
সভার সভাপতি : জনাব মো: নুরুল হক, চেয়ারম্যান, ৮নং মোহনপুর ইউনিয়ন পরিষদ, সুনামগঞ্জ সদর,  
সুনামগঞ্জ।  
সভার তারিখ : ১৮-১২-২০১৯ খ্রিঃ রোজ : বুধবার সময় : সাকল ১১.০০ ঘটিকা  
সভার স্থান : অস্থায়ী কার্যালয়, জয়নগর বাজার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

ইউপি সভায় উপস্থিত সদস্যগণের নাম :

ক্র: নং	উপস্থিত সদস্যগণের নাম	পদবী	ওয়ার্ড নং	স্বাক্ষর
০১	জনাব মো: নুরুল হক	চেয়ারম্যান	১-৯	স্বাক্ষরিত
০২	বেগম সন্ধ্যা রাণী দেব	সংরক্ষিতমহিলা	১.২.৩	স্বাক্ষরিত
০৩	বেগম স্বপ্না বেগম	সংরক্ষিত মহিলা	৪.৫.৬	স্বাক্ষরিত
০৪	বেগম মোছা: আছিয়া খাতুন	সংরক্ষিত মহিলা	৭.৮.৯	স্বাক্ষরিত
০৫	জনাব মো: তৈয়বুর রহমান	সাধারণ সদস্য	১নং	স্বাক্ষরিত
০৬	জনাব মো: ইকবার হোসেন	সাধারণ সদস্য	২নং	স্বাক্ষরিত
০৭	জনাব মামুন রশিদ সেলিম	সাধারণ সদস্য	৩নং	স্বাক্ষরিত
০৮	জনাব মো: শামছুন নূর	সাধারণ সদস্য	৪নং	স্বাক্ষরিত
০৯	জনাব মো: রইছ মিয়া	সাধারণ সদস্য	৫নং	স্বাক্ষরিত
১০	জনাব মো: বাবুল মিয়া	সাধারণ সদস্য	৬নং	স্বাক্ষরিত
১১	জনাব মো: নুরুল ইসলাম	সাধারণ সদস্য	৭ নং	স্বাক্ষরিত
১২	জনাব মো: আব্দুস ছোবান	সাধারণ সদস্য	৮নং	স্বাক্ষরিত
১৩	জনাব মো: আজিম উদ্দিন	সাধারণ সদস্য	৯নং	স্বাক্ষরিত

আলোচ্য বিষয় :

- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। এলজি এসপি স্কিম সংশোধন প্রসঙ্গে।
- ৩। কল সেন্টার সংক্রান্ত তথ্য জনসচেতনায় করণীয় সম্পর্কে আলোচনা।

আলোচনা ও সিদ্ধান্তসমূহ:

ক্র: নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/সংস্থা
১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।	অধ্যকার সভার সভাপতি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়।	বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	
২	এলজি এসপি স্কিম সংশোধন প্রসঙ্গে।	অধ্যকার সভায় সভাপতি জানান যে, প্রস্তাবিত ২০১৮-২০১৯ অর্থ বছরের এলজিএসপি-৩ প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য বিজিসিসি সভায় ইতোমধ্যে অনুমোদিত হয়েছে যা চলমান আছে। উল্লেখ্য যে, বিগত বন্যায় ক্ষতিগ্রস্ত হওয়া একটি রাস্তা জনস্বার্থে জরুরীভিত্তিতে মেরামত করা প্রয়োজন। তাই বিগত	“সর্দারপুর মেইররোড হতে মর্নিংসান কিন্ডারগার্টেন স্কুল পর্যন্ত মাটির	ইউপি সদস্যবৃন্দ, মোহনপুর ইউপি।

		২৫/০৭/২০১৯ তারিখের বিজিসিসি সভায় অনুমোদিত “ভৈষবেড় সরকারী প্রাথমিক বিদ্যালয়ে বাগানকরণ” নামীয় ০৪ নং প্রকল্পটি পরিবর্তন করে ০৪ নং ওয়ার্ডের “সর্দারপুর মেইররোড হতে মর্নিংসান কিন্ডারগার্টেন স্কুল পর্যন্ত মাটির রাস্তা নির্মাণ” এবং “ ২০১৯ সালের বার্ষিক ওয়ার্ডসভা অনুষ্ঠান” নামীয় ১২ নং প্রকল্পটি পরিবর্তন করে ০৪ নং ওয়ার্ডের “মোহনপুর গ্রামের ফকিরের বাড়ীর দক্ষিণে একটি কালভার্ট নির্মাণ” প্রকল্পটি বাস্তবায়ন করা জরুরী।	রাস্তা নির্মাণ” এবং “মোহনপুর গ্রামের ফকিরের বাড়ীর দক্ষিণে একটি কালভার্ট নির্মাণ” প্রকল্পসমূহ বাস্তবায়ন করতে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	
কল সেন্টার সংক্রান্ত তথ্য জনসচেতনায় করণীয় সম্পর্কে আলোচনা।	সভাপতি সভাকে জানান যে, ইতোপূর্বে অত্র ইউনিয়নের বিভিন্ন স্তরে ৩৩৩ এবং ৯৯৯ নম্বরসমূহের ব্যাপক প্রচারণার জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে জনগণকে আরও ব্যাপকভাবে সচেতন করা প্রয়োজন রয়েছে। সভায় এ বিষয়ে করণীয় সম্পর্কে বিস্তারিত আলোচন হয়। স্ব স্ব ওয়ার্ডসদস্যগণ নিজ নিজ এলাকায় জনগণকে সচেতন করতে উদ্যোগ নেয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	স্ব স্ব ওয়ার্ডসদস্যগণ নিজ নিজ এলাকায় জনগণকে সচেতন করতে উদ্যোগ নেয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	ইউ/পি সদস্যবৃন্দ, মোহনপুর ইউ/পি।	

অতঃপর সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি আবারও সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: নুরুল হক)  
চেয়ারম্যান  
মোহনপুর ইউনিয়ন পরিষদ  
সুনামগঞ্জ সদর।

স্মারক নং: /১৯

তারিখঃ ২২/১২ /২০১৯ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ  
১। উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

(মো: নুরুল হক)  
চেয়ারম্যান  
মোহনপুর ইউনিয়ন পরিষদ  
সুনামগঞ্জ সদর।